৫৭

দৈনিক সংবাদ

তারিখ ... 15 JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩

## এস এস সি পরীক্ষায় পুনরায় অংশগ্রহণের আবেদন

ভাগ্যের নির্মম পরিহাস কিংবা কোন অশুভ শক্তি রাহুর প্রভাবেই হোক দূর্ভাগ্যজনক হলেও সত্য যে এবার বিপুলসংখ্যক এস এস সি পরীক্ষার্থী তাদের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। এই সকল ছাত্রছাত্রী রেজিস্ট্রেশন জটিলতার কারণে নাকি পরীক্ষার প্রবেশপত্র পায়নি— এরকম একটি দায়সারা যুক্তি দিয়েছেন বোর্ড কর্তৃপক্ষ। আমার প্রশ্ন— এদের যদি রেজিস্ট্রেশনের কোন সমস্যা থাকে তাহলে কর্তৃপক্ষ আগে ব্যবস্থা নেননি কেন? আমার জানামতে একজন ছাত্রের রেজিস্ট্রেশন সম্পন্ন হয় স্কুলের শিক্ষকদের মাধ্যমে। শিক্ষকদের অযোগ্যতা কিংবা বোর্ড কর্তৃপক্ষের উদাসীনতার দায়-দায়িত্ব কেন কোমলমতি ছাত্ররা বহন করবে? এদের মধ্যে অনেকেই পূর্ব থেকে শিক্ষা বোর্ড রেজিস্ট্রেশনপ্রাপ্ত কিন্তু অতীতে ফেল করাতে অনিয়মিত হিসেবে পরীক্ষা না দেয়ার জন্য অনেকে টাকা পয়সা খরচ করেছিল নিয়মিত ছাত্র হওয়ার জন্য। ফলে অসৎ শিক্ষকের প্ররোচনায় তারা শেষ পর্যন্ত নিরাশ হয়েছে। সত্যিকার অর্থে তারা কোন দোষ-ত্রুটির আওতায় পড়ে না। ভবিষ্যৎ গড়ার জন্য অর্থহীন মরীচিকার পেছনে তারা অগ্রসর হয়েছিল। কারণ এরা সব সময় অবুঝ ও কচিমনা। এসব হতভাগ্য ছাত্রের মানবতার দিক দেখে চলতি বছর পূর্বের স্কুলের মাধ্যমে পরীক্ষা নেয়ার জন্য আমরা শিক্ষামন্ত্রীর নিকট আকুল আবেদন করছি।

হাবিব মাসুদ
বি.এস.সি (সম্মান) ২য় বর্ষ
চট্টগ্রাম কলেজ।